# পরিবেশ ও ইতিহাস (অতীত ও ঐতিহ্য)

**অধ্যায়ভিত্তিক পাঠ্যসূচি ■ কাঙ্ক্ষিত সামর্থ্য ■ ও বিষয় -নির্ভর কৃত্যালি ■**

**প্রথম অধ্যায় : ইতিহাসের ধারণা**

*ইতিহাস কেন দরকার, ভারত-ইতিহাসে যুগ বিভাজনের সমস্যা, ভারতের আধুনিক কালের ইতিহাসের উপাদান।*

- ইতিহাস ও তার বিবর্তনমূলক প্রকৃতি, ইতিহাস বিষয়ক স্থান-কাল-পাত্র সম্পর্কে প্রাথমিক ধারণা।
- জ্ঞানতত্ত্ব চর্চার নিরিখে ইতিহাসের নানারকম দ্বন্দ্ব ও পরস্পর বিরোধী অবস্থান সম্পর্কে প্রাথমিক ধারণা।
- ভারতের ইতিহাসে ত্রি-বিভাজিত যুগক্রমের মধ্যের অসংগতি বিষয়ে ধারণা।
- আধুনিক সময়ের ইতিহাসের বিভিন্ন উপাদান বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত কোনো উপাদানের নৈর্ব্যক্তিক/ব্যক্তিক বিশ্লেষণ বিষয়ে প্রাথমিক ধারণা।
- অষ্টম শ্রেণিতে পাঠ্য ভারত-ইতিহাসের বিভিন্ন বৈশিষ্ট্য বিষয়ে প্রাথমিক ধারণা।
- বাড়ি ও বিদ্যালয়ে দেখা বিভিন্ন পুরোনো জিনিসের বিষয়ে দলগত সমীক্ষা/আলোচনা-নির্ভর প্রকল্প। ঐ সমস্ত জিনিসগুলির মধ্যে যেগুলি সম্ভব সেগুলি নিয়ে বিদ্যালয়ে প্রদর্শনীর আয়োজন করা।
- আধুনিক ইতিহাসের বিভিন্ন ধরনের উপাদান (যেমন সংবাদপত্র/ডাকটিকিট/ফোটোগ্রাফ) সংগ্রহ করে সেই সব উপাদানের ভিত্তিতে ইতিহাস লিখন নির্ভর প্রকল্প।

**দ্বিতীয় অধ্যায় : *আঞ্চলিক শক্তির উত্থান***

*ঔরঙ্গজেব-পরবর্তী মুঘল শাসন, বাংলা - মুর্শিদকুলি খান থেকে আলিবর্দি খান, জগৎ শেঠ, বাংলায় মারাঠা আক্রমণ, হায়দরাবাদ, অযোধ্যা, বাংলার নবাবের সঙ্গে ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির সম্পর্কের বিবর্তন, ফাররুখশিয়রের ফরমান, পলাশির যুদ্ধ, বক্সারের যুদ্ধ, ব্রিটিশ কোম্পানির দেওয়ানির অধিকার লাভ, দ্বৈত শাসন ব্যবস্থা, বাংলায় ১৭৭০ খ্রিস্টাব্দের মন্বন্তর, ভারতে ব্রিটিশ কোম্পানি-শাসনের বিস্তার - রেসিডেন্সি ব্যবস্থা, অধীনতামূলক মিত্রতার নীতি, স্বত্ববিলোপ নীতি, ইঙ্গ-ফরাসি দ্বন্দ্ব।*

- অষ্টাদশ শতকে মুঘল শাসনের বিবর্তন ও সংকট বিষয় প্রাথমিক ধারণা।
- আঞ্চলিক শক্তি হিসেবে বাংলা, হায়দরাবাদ ও অযোধ্যার উত্থানের প্রেক্ষিত বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, ঐ শক্তিগুলির সঙ্গে মুঘল শাসনের সম্পর্কের চরিত্র বিষয়ে প্রাথমিক ধারণা।
- বাংলার নবাবি শাসনের সঙ্গে ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির সম্পর্কের চরিত্র বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত,পলাশির যুদ্ধ ও বক্সারের যুদ্ধের পরিপ্রেক্ষিত ও ফলাফল বিষয়ে প্রাথমিক ধারণা।
- দেওয়ানির অধিকার ও দ্বৈত শাসনের মাধ্যমে ব্রিটিশ কোম্পানির আধিপত্য বিস্তারের চরিত্র বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, ১৭৭০ খ্রিস্টাব্দের মন্বন্তরের প্রেক্ষিতে মানুষের জীবনযাপনের সঙ্গে ব্রিটিশ কোম্পানির আধিপত্য বিস্তারের সম্পর্ক বিষয় ধারণা।
- ভারতে ব্রিটিশ কোম্পানির আধিপত্য বিস্তারের বিভিন্ন নীতি বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, রেসিডেন্স ব্যবস্থা ও অধীনতামূলক মিত্রতা এবং স্বত্ববিলোপ নীতি দুটির সঙ্গে ব্রিটিশ কোম্পানির আধিপত্য বিস্তারের সম্পর্ক বিষয় ধারণা।
- বাংলার নবাবদের সঙ্গে ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির সম্পর্কের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ঘটনাগুলি নিয়ে সময় সারণী বানানোর প্রকল্প।
- অধীনতামূলক মিত্রতা নীতি ও স্বত্ববিলোপ নীতি দুটির তুলনামূলক আলোচনা-নির্ভর প্রকল্প।

**তৃতীয় অধ্যায় : *ভারতের ঔপনিবেশিক কর্তৃত্ব প্রতিষ্ঠা***

*ব্রিটিশ প্রেসিডেন্সি ব্যবস্থা, গভর্নর জেনারেল, গভর্নর জেনারেল হিসেবে ওয়ারেন হেস্টিংস, কর্নওয়ালিস ও বেন্টিঙ্কের সংস্কার, উপনিবেশিক কর্তৃত্ব প্রতিষ্ঠা বিভিন্ন প্রকরণ - পুলিশ ব্যবস্থা, সেনাবাহিনী, আমলাতন্ত্র, আইনের শাসনের ধারণা, ঔপনিবেশিক শিক্ষা ব্যবস্থার বিস্তার - মেকলে ও উডের প্রতিবেদন, ঔপনিবেশিক শিক্ষা ব্যবস্থার প্রকৃতি, জমি জরিপ ও রাজস্ব নির্ধারণ প্রক্রিয়া, ইজারাদারি ব্যবস্থা।*

- ব্রিটিশ প্রেসিডেন্সি ব্যবস্থার উত্থান, বৈশিষ্ট্য ও বিকাশ বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, প্রেসিডেন্সি ব্যবস্থাকে কেন্দ্র করে ব্রিটিশ কোম্পানির সঙ্গে ব্রিটিশ পার্লামেন্টের সম্পর্ক বিষয় ধারণা।
- ব্রিটিশ কোম্পানির প্রশাসক হিসেবে হেস্টিংস, কর্নওয়ালিস ও বেন্টিঙ্কের সংস্কারগুলির চরিত্র বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, কোম্পানির আইনগত সংস্কার ও সুপ্রিম কোর্টের সঙ্গে কোম্পানির প্রশাসনের সম্পর্ক বিষয় ধারণা।
- উপনিবেশিক কর্তৃত্ব প্রতিষ্ঠার বিভিন্ন প্রকরণ হিসেবে কোম্পানির পুলিশ ব্যবস্থা, সেনাবাহিনী, আমলাতন্ত্র এবং আইনের শাসনের ধারণা প্রভৃতি বিষয়ে প্রাথমিক ধারণা।
- কোম্পানি প্রবর্তিত শিক্ষানীতির নানান বৈশিষ্ট্য বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, ভারতে শিক্ষা বিস্তারের ক্ষেত্রে সরকারি ও ব্যক্তিগত নানান উদ্যোগের বিষয়ে প্রাথমিক ধারণা
- কোম্পানি-শাসনের বিস্তারের সঙ্গে জমি জরিপ, রাজস্ব নির্ণয় ও মানচিত্র নির্মাণের সম্পর্ক বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, ইজারাদারি ব্যবস্থা বিষয়ের ধারণা।
- ঔপনিবেশিক ভারতে পুলিশ/সেনা/আমলা ব্যবস্থার সঙ্গে বর্তমান ভারতের পুলিশ/সেনা/আমলা ব্যবস্থার তুলনামূলক আলোচনা-নির্ভর প্রকল্প।
- শিক্ষার্থীর নিজস্ব ও স্থানীয় অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের (বিদ্যালয়, গ্রন্থাগার প্রভৃতি) ইতিহাস বিষয়ক প্রদর্শনী-নির্ভর প্রকল্প।
- শিক্ষার্থীর নিজস্ব অভিজ্ঞতার সঙ্গে ঔপনিবেশিক শিক্ষা ব্যবস্থার তুলনামূলক আলোচনা-নির্ভর প্রকল্প।
- শিক্ষার্থীর স্থানীয় অঞ্চলের জমি জরিপ কিভাবে করা হয়, রাজস্ব কোথায় জমা দেওয়া হয় সেসব বিষয়ে স্থানীয় অঞ্চলে দলগত সমীক্ষা ও তার ভিত্তিতে স্থানীয় জমি জরিপ ব্যবস্থা নিয়ে প্রতিবেদন রচনা-নির্ভর প্রকল্প।
- অষ্টম শ্রেণির এই পাঠ্য বইটিতে ৩২,৫০ ও ৫১ পৃষ্ঠার মানচিত্র তিনটির তুলনামূলক আলোচনা-নির্ভর প্রকল্প।

**চতুর্থ অধ্যায় : *ঔপনিবেশিক অর্থনীতির চরিত্র***

*ঔপনিবেশিক ভূমি-রাজস্ব ব্যবস্থার প্রকৃতি —চিরস্থায়ী বন্দোবস্ত, চিরস্থায়ী বন্দোবস্তের সামাজিক ও অর্থনৈতিক প্রভাব, রায়তওয়ারি ও মহলওয়ারি বন্দোবস্ত, ভারতীয় সমাজে ব্রিটিশ-রাজস্বনীতির প্রভাব, মহাজনি ব্যবস্থা, কৃষির বাণিজ্যিকীকরণ, বাগিচা শিল্প, কৃষির বাণিজ্যিকীকরণের প্রতিক্রিয়া: দাক্ষিণাত্য বিদ্রোহ, ঔপনিবেশিক শিল্প-বাণিজ্য ও শুল্কনীতি, অবশিল্পায়ান, ঔপনিবেশিক যোগাযোগ ব্যবস্থা : রেলপথ ও টেলিগ্রাফ, সম্পদের বহির্গমন ও ভারতে দুর্ভিক্ষ ও দারিদ্র্য।*

- কোম্পানি-প্রবর্তিত ভূমি-রাজস্বনীতির নানান বৈশিষ্ট্য ও চিরস্থায়ী, রায়তওয়ারি এবং মহলওয়ারি প্রভৃতি বন্দোবস্তগুলির বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, দেশীয় সমাজে ঔপনিবেশিক রাজস্বনীতির প্রভাব ও সে বিষয়ে দেশীয় বুদ্ধিজীবি সমাজের সমালোচনার চরিত্র বিষয় প্রাথমিক ধারণা।
- ঔপনিবেশিক প্রশাসনের তরফে কৃষির বাণিজ্যিকীকরণের চরিত্র বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, দেশীয় সমাজে কৃষির বাণিজ্যিকীকরণের বিরোধিতার প্রকৃতি, কৃষক ও শ্রমিকদের অধিকার রক্ষার আন্দোলনের চরিত্র বিষয় প্রাথমিক ধারণা।
- কোম্পানি-প্রবর্তিত শিল্প-বাণিজ্য-শুল্কনীতির চরিত্র ও দেশীয় অর্থনীতিতে তার প্রভাব বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, অবশিল্পায়ন বিষয়ক ধারণা।
- ঔপনিবেশিক যোগাযোগ ব্যবস্থার চরিত্র ও দেশীয় সমাজে তার প্রভাব বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, রেলপথ ব্যবস্থার

ও টেলিগ্রাফ ব্যবস্থার বিষয়ে প্রাথমিক ধারণা।

- ঔপনিবেশিক অর্থনৈতিক নীতির সঙ্গে সম্পদের বহির্গমন ও দারিদ্র্য-দুর্ভিক্ষের সম্পর্ক বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, দেশীয় সমাজে ঔপনিবেশিক অর্থনীতির প্রভাব ও উন্নয়নের ধারণা বিষয়ে দেশীয় বুদ্ধিজীবী সমাজের সমালোচনার চরিত্র বিষয় প্রাথমিক ধারণা।
- চতুর্থ অধ্যায়–সংশ্লিষ্ট ভূমি-রাজস্ব ব্যবস্থাগুলির বৈশিষ্ট্য ও দেশীয় সমাজে সেগুলির প্রভাব বিষয়ে তুলনামূলক চার্ট বানানো-নির্ভর প্রকল্প।
- বাংলায় চিরস্থায়ী বন্দোবস্তের প্রভাব বিষয়ে তিন কিস্তিতে সংবাদ প্রতিবেদন রচনা-নির্ভর প্রকল্প।
- যে কোনো একটি বাগিচা শিল্পের ইতিহাস ও বর্তমান অবস্থা বিষয়ে চার্ট/মডেল বানানো ও প্রতিবেদন রচনা-নির্ভর প্রকল্প।

**পঞ্চম অধ্যায় : *ঔপনিবেশিক শাসনের প্রতিক্রিয়া: সহযোগিতা ও বিদ্রোহ***

*মধ্যবিত্ত ভদ্রলোকের ধারণা, বাংলায় সমাজ সংস্কার আন্দোলন: সতীদাহ রদ ও বিধবাবিবাহ প্রচলনের পক্ষে আন্দোলন, বাংলায় শিক্ষা সংস্কার: ডিরোজিও ও নব্যবঙ্গ, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, ভারতের অন্যান্য অঞ্চলে সমাজ ও শিক্ষা সংস্কার: পণ্ডিতা রমাবাঈ, ধর্মসংস্কার আন্দোলন: ব্রাহ্ম আন্দোলন, হিন্দু পুনরুজ্জীবনবাদী সংস্কার: দয়ানন্দ সরস্বতী ও আর্য সমাজ, সংস্কার আন্দোলনগুলির চরিত্র ও সীমাবদ্ধতা, মুসলমান সমাজে সংস্কার প্রক্রিয়ার নানান উদ্যোগ: আলিগড় আন্দোলন; কৃষক ও উপজাতি সমাজের বিদ্রোহ: সাঁওতাল হুল, মোপালা বিদ্রোহ, ওয়াহাবি ও ফরাজি আন্দোলন, মুণ্ডা উলগুলান, নীল বিদ্রোহ, কৃষক ও উপজাতি সমাজের বিদ্রোহগুলির প্রতি শিক্ষিত সমাজের দৃষ্টিভঙ্গি: হিন্দু প্যাট্রিয়ট; ১৮৫৭ খ্রিস্টাব্দের বিদ্রোহ: চরিত্র, নেতৃত্ব, বিস্তার, বিদ্রোহের প্রতি শিক্ষিত ভারতীদের দৃষ্টিভঙ্গি, কোম্পানি-শাসনের অবসান, মহারানির ঘোষণাপত্র।*

- ভারতীয় সমাজে ঔপনিবেশিক শাসনের প্রভাব বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, ভদ্রলোক বর্গের উত্থান বিষয়ে প্রাথমিক ধারণা।
- বাংলায় সমাজ সংস্কার উদ্যোগ বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, সতীদাহ রদ ও বিধবা বিবাহ প্রচলনের উদ্যোগ বিষয়ে প্রাথমিক ধারণা।
- বাংলায় শিক্ষা সংস্কার উদ্যোগ বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, নব্যবঙ্গ গোষ্ঠী ও ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের উদ্যোগে নারী শিক্ষা বিস্তারের প্রচেষ্টা বিষয়ে প্রাথমিক ধারণা।
- ভারতের বিভিন্ন অঞ্চলে সমাজ ও শিক্ষা সংস্কারের নানা উদ্যোগ বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, পন্ডিতা রমাবাঈয়ের উদ্যোগে নারী শিক্ষা বিস্তারের প্রচেষ্টা বিষয়ে প্রাথমিক ধারণা।
- ভারতের বিভিন্ন অঞ্চলে ধর্ম সংস্কারের নানা উদ্যোগ বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, সংস্কার আন্দোলন ও উদ্যোগগুলির চরিত্র ও সীমাবদ্ধতা বিষয়ে প্রাথমিক ধারণা।
- ভারতীয় মুসলিম সমাজে বিভিন্ন সংস্কারের উদ্যোগ বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, স্যর সৈয়দ আহমদ খানের সংস্কার-উদ্যোগগুলি ও আলিগড় আন্দোলন বিষয়ে প্রাথমিক ধারণা।
- ভারতের বিভিন্ন অঞ্চলে কৃষক ও উপজাতি সমাজের তরফে ঔপনিবেশিক শাসন-বিরোধী নানা প্রতিবাদ-আন্দোলন বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, ঐসব বিদ্রোহ-আন্দোলনের প্রতি ঔপনিবেশিক প্রশাসন ও ভারতীয় শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণির মনোভাব বিষয়ে প্রাথমিক ধারণা।
- ভারতের বিভিন্ন অঞ্চলে ১৮৫৭ খ্রিস্টাব্দে বিদ্রোহে প্রসার বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, ঐ বিদ্রোহের নেতৃত্ব, বিদ্রোহে জনগণের অংশগ্রহণের চরিত্র, বিদ্রোহের প্রতি শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণির মনোভাব, ঔপনিবেশিক প্রশাসনের তরফে গৃহীত উদ্যোগ প্রভৃতি বিষয়ে প্রাথমিক ধারণা।
- ভারতের সমাজসংস্কারকদের যেসব আলোচনা বইতে আছে, সেগুলির বিষয়ে ছবি ও লেখা নির্ভর প্রকল্প।
- শিক্ষার্থীর স্থানীয় অঞ্চলে সাক্ষরতার হার, ছেলে-মেয়ের শিক্ষার হার, বয়স্ক শিক্ষার হার, বিদ্যালয়গুলির পরিকাঠামো প্রভৃতি

বিষয়ে দলগত সমীক্ষা ও প্রতিবেদন রচনা-নির্ভর প্রকল্প।

- পঞ্চম অধ্যায়ের উল্লিখিত যে কোনো একটি কৃষক/উপজাতি বিদ্রোহ নিয়ে সংবাদপত্রে তিন কিস্তিতে প্রতিবেদন রচনা-নির্ভর প্রকল্প।
- ১৮৫৭ খ্রিস্টাব্দের বিদ্রোহের নানা দিক নিয়ে চার্ট, ঐ বিদ্রোহ নিয়ে দু-জন সিপাহির মধ্যে/একজন সিপাহির সঙ্গে একজন শিক্ষিত মধ্যবিত্ত সরকারি চাকুরিজীবীর কথোপকথন রচনা-নির্ভর প্রকল্প।
- বিভিন্ন মুঘল সম্রাটদের শাসনের বৈশিষ্ট্যগুলির তুলনামূলক আলোচনা-নির্ভর প্রকল্প।

**ষষ্ঠ অধ্যায়:** ***জাতীয়তাবাদের প্রাথমিক বিকাশ***

*জাতীয়তাবাদী সভাসমিতি, ইলবার্ট বিল বির্তক ও ভারত সভা, জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠা, জাতীয় কংগ্রেসের প্রথম দু-দশকের কাজকর্ম, ঔপনিবেশিক শাসনের প্রতি নরমপন্থী সমালোচনা: অর্থনৈতিক জাতীয়তাবাদ, জাতীয় কংগ্রেসের চরমপন্থী ধারা, কংগ্রেসের সুরাট অধিবেশন, বঙ্গাভঙ্গ-বিরোধী আন্দোলন, স্বদেশি শিল্প, জাতীয় শিক্ষা, বিপ্লবী সন্ত্রাসবাদী ধারার উত্থান: বিভিন্ন বিপ্লবী সমিতি, বিপ্লবী সন্ত্রাসবাদী কার্যকলাপের চরিত্র ও সীমাবদ্ধতা; মর্লে-মিন্টো সংস্কার।*

- ভারতের বিভিন্ন অঞ্চলে নানান সভা-সমিতির উদ্যোগ বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, ইন্ডিয়ান অ্যাসোসিয়েশনের কর্মসূচী ও ইলবার্ট বিল বিতর্ক বিষয়ে প্রাথমিক ধারণা।
- ভারতের জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠার উদ্যোগ বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, কংগ্রেসের প্রতিষ্ঠা বিষয়ক বিতর্ক, কংগ্রেসের বিভিন্ন কর্মসূচী ও কংগ্রেসের সাংগঠনিক ও আন্দোলনগত চরিত্র বিষয়ে প্রাথমিক ধারণা।
- ভারতের জাতীয় কংগ্রেসের প্রথম কুড়ি বছরের কর্মসূচী বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, ঔপনিবেশিক স্বায়ত্তশাসন বিষয়ে কংগ্রেসের দৃষ্টিভঙ্গি ও অর্থনৈতিক জাতীয়তাবাদের বিশ্লেষণ বিষয়ে প্রাথমিক ধারণা।
- ভারতের রাজনীতি চরমপন্থী ধারার উদ্ভবের পরিপ্রেক্ষিত এবং জাতীয় কংগ্রেসের ভিতরে নরমপন্থী ও চরমপন্থী দ্বন্দ্বের প্রকৃতি বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, কংগ্রেসের সুরাট অধিবেশন ও সে বিষয়ে রবীন্দ্রনাথের বিশ্লেষণ বিষয়ে প্রাথমিক ধারণা।
- বাংলায় বঙ্গভঙ্গ-বিরোধী আন্দোলনের উদ্ভবের পরিপ্রেক্ষিত এবং ঐ আন্দোলনের চরিত্র ও প্রকৃতি বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, বঙ্গভঙ্গ-বিরোধী আন্দোলনে নানান স্তরের জনগণের অংশগ্রহণের ক্ষেত্রে অবনীন্দ্রনাথ ঠাকুরের অভিজ্ঞতা, স্বদেশি শিল্প ও জাতীয় শিক্ষার উদ্যোগ এবং ক্রমে বঙ্গভঙ্গ-বিরোধী আন্দোলনের মধ্যে সাম্প্রদায়িক বিভাজনের প্রকাশ ও সে বিষয়ে রবীন্দ্রনাথের বিশ্লেষণ প্রভৃতি বিষয়ে প্রাথমিক ধারণা।
- বাংলায় ও ভারতের অন্যত্র বিপ্লবী সন্ত্রাসবাদের উদ্ভবের পরিপ্রেক্ষিত এবং ঐ আন্দোলনের চরিত্র ও প্রকৃতি বিষয়ে প্রাথমিক ধারণা।
- নরমপন্থী ও চরমপন্থী দু-জন ব্যক্তির মধ্যে ঔপনিবেশিক শাসন ও স্বাধীনতা অর্জনের উপায় সম্পর্কে একটি কথোপকথন রচনা-নির্ভর প্রকল্প।
- বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনের অভিজ্ঞতা হিসাবে অবনীন্দ্রনাথ ঠাকুরের বয়ানটি ধরে একটি নাট্যরূপ/সংবাদ প্রতিবেদন রচনা-নির্ভর প্রকল্প।

**সপ্তম অধ্যায় :** ***ভারতের জাতীয় আন্দোলনের আদর্শ ও বিবর্তন***

*মহাত্মা গান্ধি ও তাঁর বিভিন্ন আদর্শ: অহিংস সত্যাগ্রহ ও স্বরাজ বিষয়ক ভাবনা, গান্ধির নেতৃত্বে বিভিন্ন আঞ্চলিক আন্দোলন, রাওলাট সত্যাগ্রহ ও জালিয়ানওয়ালাবাগের ঘটনা, অহিংস অসহযোগ থেকে ভারতছাড়ো আন্দোলন: বিক্ষোভ প্রদর্শনের পদ্ধতি ও*

*চরিত্রের বিবর্তন, স্বরাজ্য দল, ১৯৩০-এর দশকে কয়েকটি বিপ্লবী অভ্যুত্থান: চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠন, অলিন্দ যুদ্ধ, লাহোর ষড়যন্ত্র মামলা; সুভাষচন্দ্র বসু ও আজাদ হিন্দ ফৌজ, নৌ-বিদ্রোহ।*

- প্রথম বিশ্বযুদ্ধের সময়ে ভারতীয় রাজনীতির পরিবর্তন বিষয়ে প্রাথমিক ধারণা।
- ভারতীয় রাজনীতিতে মহাত্মা গান্ধির ভূমিকা বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, গান্ধির অহিংস সত্যাগ্রহ, স্বরাজ প্রভৃতি বিষয়ে ধারণা, গান্ধির আন্দোলনের চরিত্র এবং চরকা কাটাকে কেন্দ্র করে গান্ধি-রবীন্দ্রনাথ বিতর্ক প্রভৃতি বিষয়ে প্রাথমিক ধারণা।
- মহাত্মা গান্ধির নেতৃত্বে তিনটি আঞ্চলিক আন্দোলন বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, গান্ধির নেতৃত্বে রাওলাট সত্যাগ্রহ, জালিয়ানওয়ালাবাগের ঘটনা ও খিলাফৎ আন্দোলন প্রভৃতি বিষয়ে প্রাথমিক ধারণা।
- মহাত্মা গান্ধির নেতৃত্বে অহিংস অসহযোগ থেকে ভারত ছাড়ো আন্দোলন তিনটির বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, ঐ আন্দোলনগুলির ক্ষেত্রে গান্ধির নেতৃত্বের প্রকৃতিগত বিবর্তন, আন্দোলন গুলিতে জনগণের অংশগ্রহণের চরিত্র ও ঐ আন্দোলনগুলির পাশাপাশি স্বরাজ্য দল এবং বিভিন্ন বিপ্লবী অভ্যুত্থান প্রভৃতি বিষয়ে প্রাথমিক ধারণা।
- ভারতীয় তথা বাংলার রাজনীতিতে সুভাষচন্দ্র বসুর উত্থানের প্রেক্ষিত এবং দ্বিতীয় বিশ্বযুদ্ধের সমকালে সুভাষচন্দ্র বসু ও আজাদ হিন্দ ফৌজের সংগ্রাম বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, সুভাষচন্দ্রের উদ্যোগগুলির প্রকৃতি ও সেই উদ্যোগগুলিতে জনগণের অংশগ্রহণের চরিত্র প্রভৃতি বিষয়ে প্রাথমিক ধারণা।
- আজাদ হিন্দ ফৌজের সংগ্রামের সমর্থনে গণআন্দোলন ও ভারতীয় নৌ-সেনার বিদ্রোহ বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, নৌ-বিদ্রোহের প্রকৃতি বিষয়ে প্রাথমিক ধারণা।
- চরকাকে কেন্দ্র করে গান্ধি ও রবীন্দ্রনাথের মধ্যে একটি কথোপকথন লেখার প্রকল্প।
- চৌরিচৌরার ঘটনা নিয়ে তিন কিস্তিতে সংবাদ প্রতিবেদন রচনা-নির্ভর প্রকল্প।
- শিক্ষার্থীর স্থানীয় অঞ্চলে যেসব মানুষজন জাতীয় সংগ্রামে অংশগ্রহণ করেছেন তাঁদের অভিজ্ঞতা বিষয়ে দলগত সমীক্ষা ও প্রতিবেদন রচনা-নির্ভর প্রকল্প।
- আজাদ হিন্দ ফৌজ ও নৌ সেনাদের বিদ্রোহের নানা দিক নিয়ে চার্ট বানানো-নির্ভর প্রকল্প।

**অষ্টম অধ্যায় : *সাম্প্রদায়িকতা থেকে দেশভাগ***

*ঔপনিবেশিক ভারতে সাম্প্রদায়িক পরিচয়ের নির্মাণ ও বিবর্তন, মুসলিম লিগ গঠন, হিন্দু ও মুসলমান সাম্প্রদায়িকতার বিকাশ, সাম্প্রদায়িক রাজনীতি, ভারত-বিভাজন, পাকিস্তান প্রস্তাব, দেশভাগ।*

- ঔপনিবেশিক ভারতে সাম্প্রদায়িক পরিচয়ের বিকাশ ও ভারতীয় সমাজে তার প্রভাব বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, ঔপনিবেশিক প্রশাসনের তরফে গৃহীত আদমশুমারির উদ্যোগ বিষয়ে প্রাথমিক ধারণা।
- ঔপনিবেশিক ভারতে সাম্প্রদায়িক রাজনীতির ফল হিসেবে সম্প্রদায়-নির্ভর বিভাজনের নানান দিক বিষয়ে প্রাথমিক ধারণা।
- ঔপনিবেশিক ভারতে সাম্প্রদায়িক রাজনীতির ফল হিসেবে ভারত-বিভাজনের সিদ্ধান্ত বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, দেশভাগের উদ্যোগ ও ফলাফল বিষয়ে প্রাথমিক ধারণা।
- শিক্ষার্থীর স্থানীয় অঞ্চলে যেসব মানুষজন ১৯৪৭ খ্রিস্টাব্দের দেশভাগ প্রত্যক্ষ করেছেন তাঁদের অভিজ্ঞতা বিষয়ে দলগত সমীক্ষা ও প্রতিবেদন রচনা-নির্ভর প্রকল্প।
- অষ্টম অধ্যায়ের মানচিত্রটির সঙ্গে তার আগের অধ্যায়গুলির মানচিত্র সমূহের তুলনামূলক আলোচনা-নির্ভর প্রকল্প।

**নবম অধ্যায় :** ***জাতীয় সংবিধান : গণতন্ত্রের কাঠামো ও জনগণের অধিকার***

*সংবিধান সভা, ভারতীয় সংবিধান ও তার প্রস্তাবনা, কেন্দ্রীয় ও রাজ্য শাসনবিভাগ, আঞ্চলিক স্বায়ত্তশাসন, সামাজিক উন্নয়নে সংবিধানের ভূমিকা: পারিবারিক হিংসারোধ আইন-২০০৫, অনগ্রসর নাগরিকদের উন্নয়নে ও অধিকার রক্ষায় সংবিধানের ভূমিকা, ভারতের নাগরিকদের মৌলিক অধিকার ও কর্তব্যসমূহ।*

- স্বাধীন ভারতের সংবিধান নির্মাণের পটভূমি বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, গণপরিষদ সম্পর্কে অতিসংক্ষিপ্ত পরিচিতি লাভ।
- স্বাধীন ভারতের সংবিধান ও তার প্রস্তাবনা বিষয়ে প্রাথমিক ধারণা।
- স্বাধীন ভারতের সংসদীয় গণতান্ত্রিক কাঠামো ও তার বিভিন্ন বিভাগ বিষয়ে প্রাথমিক ধারণা।
- স্বাধীন ভারতের আঞ্চলিক স্বায়ত্তশাসনের কাঠামো ও তার বিভিন্ন বিভাগ বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, পশ্চিমবঙ্গের পঞ্চায়েত ও পৌর শাসনব্যবস্থা বিষয়ের প্রাথমিক পরিচিতি।
- স্বাধীন ভারতে সামাজিক উন্নয়নে সংবিধানের ভূমিকা বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, পারিবারিক হিংসারোধ আইন-২০০৫ সম্পর্কে অতিসংক্ষিপ্ত পরিচিতি লাভ।
- স্বাধীন ভারতে অনগ্রসর নাগরিকদের অধিকার রক্ষায় সংবিধানের ভূমিকা বিষয়ে প্রাথমিক ধারণা। প্রসঙ্গত, প্রাক্-স্বাধীনতা পর্বে মহাত্মা গান্ধির ও বি. আর. আম্বেদকরের দলিত সমাজের অধিকার রক্ষার আন্দোলন সম্পর্কে অতিসংক্ষিপ্ত পরিচিতি লাভ।
- স্বাধীন ভারতের সংবিধানে উল্লিখিত নাগরিকদের মৌলিক অধিকার ও কর্তব্য বিষয়ে প্রাথমিক ধারণা।
- ভারতের সংসদীয় গণতান্ত্রিক কাঠামোর বিভিন্ন অঙ্গের কাজ ও গুরুত্ব তুলে ধরে চার্ট বানানো-নির্ভর প্রকল্প।
- পশ্চিমবঙ্গের আঞ্চলিক স্বায়ত্তশাসন কাঠামোর বিভিন্ন অঙ্গের কাজ ও গুরুত্ব তুলে ধরে চার্ট বানানো-নির্ভর প্রকল্প।
- শিক্ষার্থীর স্থানীয় অঞ্চলে পঞ্চায়েত/পৌরসভার বিভিন্ন কাজকর্মের দলগত সমীক্ষা ও প্রতিবেদন রচনা-নির্ভর প্রকল্প।
- শিক্ষার্থীর স্থানীয় অঞ্চলে স্বাস্থ্য, শিক্ষা, যোগাযোগ ব্যবস্থা প্রভৃতির উন্নয়ন এবং সামাজিক সম্প্রীতি বজায় রাখতে কী কী উদ্যোগ নেওয়া উচিত বলে স্থানীয় মানুষজন মনে করছেন সে বিষয়ে দলগত সমীক্ষা ও প্রতিবেদন রচনা-নির্ভর প্রকল্প।
- শিক্ষার্থীদের তরফে পারিবারিক হিংসা প্রতিরোধ, শিশুশ্রম বিরোধী, লিঙ্গ বৈষম্য বিরোধী প্রভৃতি বিষয়ে বিদ্যালয়ে পোস্টার বানিয়ে প্রদর্শনীর উদ্যোগ-নির্ভর প্রকল্প।

***ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণির জন্য প্রযোজ্য কয়েকটি বিষয়***

১) পর্যায়ক্রমিক অধ্যায় বিভাজন: প্রথম পর্যায়ক্রমিক মূল্যায়ন : প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় অধ্যায় (প্রথম অধ্যায় থেকে কোনো প্রশ্ন মূল্যায়নের কাজে ব্যবহার করা যাবে না।)। দ্বিতীয় পর্যায়ক্রমিক মূল্যায়ন : চতুর্থ, পঞ্চম, এবং ষষ্ঠ অধ্যায়। তৃতীয় পর্যায়ক্রমিক মূল্যায়ন : সপ্তম, অষ্টম এবং নবম অধ্যায়।

২) পাঠ্যবইগুলিতে বিভিন্ন প্রসঙ্গে বেশ কিছু ঐতিহাসিক স্থানের কথা আছে, যেগুলি বর্তমানেও রয়েছে, যেমন, বাংলায় বৌদ্ধবিহার, গৌড়, পাণ্ডুয়া, নবদ্বীপের নানা অঞ্চলে থাকা ঐতিহাসিক নিদর্শন, তমলুকে মাতঙ্গিনী হাজরার আন্দোলন স্থান প্রভৃতি শিক্ষার্থীদের দেখানো ও তাদের সেই অভিজ্ঞতা-নির্ভর নানা প্রকল্প সামগ্রিক ইতিহাস-বোধ তৈরি করতে খুবই সহায়ক হবে।

৩) পাঠ্যবইগুলির চর্চা শেষ হলে পরে, সেই নির্দিষ্ট বইটির অন্তর্গত ভারতের ইতিহাস ও তার নানান দিক নিয়ে বিস্তৃত সময় সারণি বানানো যেতে পারে।

৪) ছাত্র-ছাত্রীদের নিয়ে বছরে অন্তত দু-বার ইতিহাস বিষয়ে প্রদর্শনীর উদ্যোগ নেওয়া দরকার। আর শ্রেণিকক্ষেই কোনো একটি জায়গায় পারলে একটি ইতিহাস কোণ(History Corner) তৈরি করুন। সেখানে ছাত্র-ছাত্রীরাই নানা পুরোনো জিনিস সংগ্রহ করে তার সংক্ষিপ্ত পরিচিতিসহ সংরক্ষণ করুক । এতে যেমন পাঠ্যবই নির্ভরতা দূর হবে তেমনি অতীতের সঙ্গে একটা জীবন্ত যোগাযোগ তৈরির সম্ভাবনা বাড়বে।